
FEB. 2 5 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...



# বাংলা একাডেমী এবার ৩টি নতুন বই বের করেছে

**কাজী শাহীদুল ইসলাম ঃ** বাংলা একাডেমী প্রকাশিত বইয়ের মান সম্পর্কে পাঠক যেমন উচ্চ ধারণা পোষণ করেন, তেমনি একুশে বইমেলা এলে বাংলা একাডেমীর স্টলেও থাকে উপচেপড়া ভিড়। এবারেও তার ব্যতিক্রম ঘটেনি। কিন্তু মেলা শুরু করার আগে বাংলা একাডেমী সংবাদ সম্মেলন করে ৩৮টি নতুন বই মেলায় আসার কথা ঘোষণা করলেও ২৭ দিনব্যাপী মেলার ২৩তম দিন অতিক্রম করলেও বাংলা একাডেমী ৩টির বেশি নতুন বই মেলায় আনতে পারেনি।

প্রতিদিন মেলায় আসা অসংখ্য পাঠকের অভিযোগের পরিপ্রেক্ষিতে বাংলা একাডেমী আসলে কটি নতুন বই মেলায় এনেছে জানতে গেলে এক অরাজক পরিস্থিতি গোচরীভূত হয়। স্টলের এমদাদুল হকের কাছে নতুন কটি বই এসেছে জানতে চাইলে তিনি বিক্রয় কেন্দ্রের জাহিদ সাহেবের সঙ্গে দেখা করতে বলেন। জাহিদ সাহেবের অনুপস্থিতিতে বিক্রয় কেন্দ্র থেকে বলা হয়, তথ্য কেন্দ্রে যোগাযোগ করতে। তথ্য কেন্দ্র থেকে উপ-পরিচালক এনায়েত করিম আবার এই প্রতিবেদককে স্টলে যেতে বলেন। ফের স্টলে গেলে স্টলের এমদাদ সাহেব পাঠান স্টলের হামিদ সাহেবের কাছে। হামিদ সাহেব এই প্রতিবেদককে পাঠান বিক্রয় ও বিপণন বিভাগের আনিসুর রহমানের কাছে। তিনি পাঠান সফিকুর রহমান চৌধুরীর কাছে। সফিক সাহেব এই প্রতিবেদককে জানালেন কটি বই এসেছে তা জানাতো একটি দীর্ঘ প্রক্রিয়া। এই মুহূর্তে বলাও সম্ভব নয়। তিনি এই প্রতিবেদককে সাংবাদিকতা শিখানোর ভঙ্গিতে বলেন, আপনি সাংবাদিক। স্টলে গিয়ে অনুসন্ধান করে দেখুন কয়টি বই এসেছে। আমরা সব বলে দিলে, আপনি করবেন কি। শেষ পর্যন্ত স্টলের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে এই প্রতিবেদককে জানান, ৩৮টি নতুন বই আসার ঘোষণা থাকলেও এসেছে মাত্র তিনটি। তাও মাত্র ৫টি করে কপি এসেছে। বই তিনটি হলো ড. নীলিমা ইব্রাহিমের 'শরৎ প্রতিভা', সাইদা জামানের লেখা 'জীবনীগ্রন্থ সৈয়দা মোতাহেরা বানু' ও মাহবুব আজাদের লেখা 'জীবনীগ্রন্থ খান আতাউর রহমান'। বাকি ৩৫টি বই কবে আসবে কেউ বলতে পারে না।

অন্য প্রকাশকরা গতকালও বেশকিছু নতুন বই মেলায় এনেছেন। অনন্যা প্রকাশনী গতকাল মেলায় এনেছে রাহাত খানের 'নির্বাচিত প্রেমের উপন্যাস', সময় প্রকাশনী গতকাল এনেছে মুনতাসীর মামুনের 'ইয়াহিয়া খান ও মুক্তিযুদ্ধ', কাকলী প্রকাশনী গতকাল মেলায় এনেছে তপন কুমার দে সম্পাদিত 'গণহত্যা '৭১', শিখা গতকাল মেলায় এনেছেন হাসান খুরশীদ রুমীর সম্পাদনায় 'বিশ্বের সেরা ১০ কিশোর ক্লাসিক'।

ইতোমধ্যে মেলায় আসা অন্য বইগুলোর মধ্যে রয়েছে মাওলা প্রকাশনী থেকে প্রকাশিত জ্যোতি প্রকাশ দত্তের 'গল্প সমগ্র' ও সোহরাব হাসানের 'মুজিব-ভুট্টো মুক্তিযুদ্ধ', শ্রাবণ প্রকাশনী থেকে প্রকাশিত কবি মোহাম্মদ রফিকের জীবনানন্দ বিষয়ক প্রবন্ধের বই 'নরকের নির্বাচন মেঘ', অন্য প্রকাশ থেকে প্রকাশিত ওবায়দুল গনি চন্দনের শিশুদের ছড়াগ্রন্থ 'ড্যাবলা ছেলে ক্যাবলা কান্ত', হাক্কানী থেকে প্রকাশিত বকুল হায়দারের কিশোর উপন্যাস 'পাথর বাড়ির নীল রহস্য', পাঞ্জেরি থেকে বই ঃ পৃঃ ২ কঃ ৭



## বই ঃ মেলা

(১২-এর পৃষ্ঠার পর)

প্রকাশিত ইব্রাহিম হোসেন তারেকের প্রেম-বিরহের উপন্যাস 'অকাল সন্ধ্যা', মিজানুর রহমান শাহজাদার উপন্যাস 'আগুন জ্বলা নদী'।